

২০২২/১০/২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
সড়ক ও জনপথ অধিদপ্তরে
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

ফোন: ০২-৮৮৭৯২৯৯
E-mail: ce@rhd.gov.bd

স্মারক নং: ০৮,০২,০৮৮৫,০৮৮,০৭,০০৬,২২, ২০৬

তারিখ: ১০/১০/২২

বিষয়: সড়ক ও জনপথ অধিদপ্তরের দরপত্র মূল্যায়নে ব্যবহৃত TDMS এবং TCiS ডাটাবেজ ব্যবহার সংক্রান্ত নির্দেশনা প্রসঙ্গে।

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে সড়ক ও জনপথ অধিদপ্তরের দরপত্র মূল্যায়নে ব্যবহৃত TDMS এবং TCiS ডাটাবেজ ব্যবহার সংক্রান্ত নিয়মূপ নির্দেশনাসমূহ প্রতিপালন করার জন্য বলা হলো:

১। TDMS সংক্রান্ত:

সড়ক ও জনপথ অধিদপ্তরে পৃত্কাজের দরপত্রসমূহ মূল্যায়নের জন্য ব্যবহৃত Tender Database Management System (TDMS) এর সর্বশেষ Version ১১ আগস্ট ২০২১ খ্রি: তারিখে চালু করা হয়েছে। TDMS এর উক্ত Version এ ঠিকাদারণ কর্তৃক Database এ দায়িত্বকৃত সনদপত্রসমূহ (যেমন: অভিভাব সনদপত্র, পেমেন্ট সনদপত্র ইত্যাদি) সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণ কর্তৃক যাচাইপূর্বক অনুমোদনের সংস্থান রাখা হয়েছে। TDMS এর Database এ উক্ত সনদপত্রসমূহ যাচাইয়ের ক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণ আবশ্যিকভাবে নিয়োজিত নির্দেশনা প্রতিপালন নিশ্চিত করবেন:

- ক) ঠিকাদারণ কর্তৃক তাদের সনদপত্রসমূহ TDMS এ Upload করার পর সওজ এর সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণ System এর মাধ্যমেই স্বয়ংক্রিয়ভাবে অবহিত হবেন। তৎপরবর্তীতে প্রতিটি সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ স্ব স্ব দপ্তর কর্তৃক ইস্যুকৃত সনদপত্রসমূহ যাচাইপূর্বক TDMS এ অনুমোদন করবেন।
- খ) যে সকল সনদপত্র সওজ ব্যতীত অন্যান্য সংস্থা কর্তৃক ইস্যুকৃত, সে সকল সনদপত্রের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলীগণ প্রযোজ্য সংস্থা থেকে সনদপত্রসমূহ (যেমন অভিভাব সনদ, পেমেন্ট সনদ ইত্যাদি) যাচাইপূর্বক TDMS এ অনুমোদন প্রদান করবেন।
- গ) ঠিকাদার কর্তৃক সনদসমূহ TDMS এ Upload পূর্বক সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণ এর নিকট প্রেরণের পর যথাসম্ভব দুটার সাথে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণ সনদসমূহ অনুমোদন করবেন। তবে কোন অবস্থাতেই ৭(সাত) দিনের বেশী সময় নেয়া যাবে না।

২। TCiS সংক্রান্ত:

সড়ক ও জনপথ অধিদপ্তরের অধীন চলমান কার্যচুক্তি সমূহের Database TCiS এ ঠিকাদারণ কর্তৃক কাজের সাইট এ নিয়োজিত জনবল, নির্মাণ যন্ত্রপাতি এবং চুক্তির Performance সংক্রান্ত অন্যান্য তথ্যাদি সন্নিবেশ পূর্বক রিপোর্ট প্রকাশ করার সুবিধা সংযুক্ত করা হয়েছে। এক্ষেত্রে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলীগণ নিয়মূপ নির্দেশনা প্রতিপালন নিশ্চিত করবেন:

- ক) প্রতিটি সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলীগণ TCiS এর Contractor Performance Info ট্যাব এ স্ব স্ব সড়ক বিভাগের অধীনে চলমান সকল কার্যচুক্তির জনবল, যন্ত্রপাতি এবং চুক্তি বাস্তবায়ন সংক্রান্ত অন্যান্য তথ্যাদি Input দিবেন এবং চুক্তির অগ্রগতি অনুযায়ী সময় সময় তা হালনাগাদ করবেন।
- খ) TCiS এর Contractor Performance Report ট্যাব থেকে প্রয়োজন অনুযায়ী চলমান কার্যচুক্তি সমূহের জনবল, যন্ত্রপাতি ও চুক্তির Performance সংক্রান্ত তথ্যাদি প্রয়োজন অনুযায়ী রিপোর্ট আকারে Download করে মূল্যায়ন প্রতিবেদনের সাথে দাখিল করতে হবে।

সংশ্লিষ্ট অতিরিক্ত প্রধান প্রকৌশলী এবং তত্ত্বাবধায়ক প্রকৌশলীগণ তাদের আওতাধীন নির্বাহী প্রকৌশলীগণ কর্তৃক উপরোক্ত নির্দেশনাসমূহ প্রতিপালন করার বিষয়টি মনিটরিং করবেন। এমতাবস্থায়, উপরোক্ত নির্দেশনা সমূহ কঠোরভাবে অনুসরনের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

১০/১০/২২
(মো: আবদুস সবুর)
প্রধান প্রকৌশলী

বিতরণ:

নির্বাহী প্রকৌশলী, সওজ (সকল)

অনুলিপি:

- ১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং / ম্যানেজমেন্ট সার্ভিসেস উইং / টেকনিক্যাল সার্ভিসেস উইং / বীজ ম্যানেজমেন্ট উইং / যান্ত্রিক উইং, সড়ক ভবন তেজগাঁও, ঢাকা।
- ২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, সড়ক জোন - ঢাকা / ময়মনসিংহ / চট্টগ্রাম / কুমিল্লা / সিলেট / রংপুর / রাজশাহী / খুলনা / বরিশাল / গোপালগঞ্জ।
- ৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সড়ক সার্কেল,।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, এমআইএস সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা। প্রাণ্টি সওজ ওয়েব সাইটে পকাশের জন্য বলা হল।